

প্রফেসর ড. নঈম চৌধুরী স্মরণে শোক সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের প্রয়াত চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরী স্মরণে ২৩/১০/২০১৯ খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ৯:০০ ঘটিকায় কর্তৃপক্ষে শোক সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। শোক সভায় তাঁর নিজ কর্মস্থল বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যানসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব ও মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থা প্রধানগণ উপস্থিত ছিলেন। সভায় প্রয়াত প্রফেসর নঈম চৌধুরীর স্ত্রী-পুত্রসহ পরিবারের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভার শুরুতে পুত্র ড. সাজিদ মোহাইমিন চৌধুরী তাঁর বাবার বর্ণাঢ্য জীবনের উপর সংক্ষিপ্ত প্রেজেন্টেশন উপস্থাপন করেন। উপস্থিত আলোচকগণ পরমাণু বিজ্ঞানের উন্নয়নে প্রফেসর ড. নঈম চৌধুরীর বিভিন্ন অবদানের কথা স্মরণ করেন। তাঁর অম্লান স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন ও বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে সমবেত দোয়ার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়। উল্লেখ্য যে, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান প্রফেসর ড. নঈম চৌধুরী গত ০৭/০৯/২০১৯ খ্রি. তারিখে ইস্তেকাল করেন।

